

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
১৭৮টি শূন্য আসনে
ভর্তি ১৩ ও ১৪
জানুয়ারি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রতিশ্রুতি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ শিক্ষাবর্ষে ভর্তি-প্রক্রিয়া শেষ হওয়ার পরও বিভিন্ন অনুষদে ছাত্রদের ১০৮টি ও ছাত্রীদের ৭০টি আসন খালি আছে। এসব আসন পূরণের লক্ষ্যে ভর্তি-প্রক্রিয়ার অংশ হিসেবে ১৩ ও ১৪ জানুয়ারি অপেক্ষমাণ জালিকা থেকে শিক্ষার্থী ভর্তির সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। এই সময়ের মধ্যে ভর্তি শেষ না হলে ১৬ জানুয়ারি অপেক্ষমাণ জালিকায় থাকা ভর্তি-ইচ্ছুকদের সংশ্লিষ্ট অনুষদে উপস্থিতির ভিত্তিতে ভর্তি করা হবে। বিভিন্ন অনুষদ ও প্রশাসনিক ভবনের পিকা শাখায় কোষা নিয়ে এসব তথ্য জানা যাবে।

বিভিন্ন অনুষদে আসন শূন্য থাকার সেতুলো পূরণের লক্ষ্যে পরিবার দুপুরে উপাচার্য যো আনোয়ার হোসেনের সভাপতিত্বে কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সভায় এসব সিদ্ধান্ত হয়।

জানা যায়, এ ইউনিটভুক্ত গাণিতিক ও পদার্থবিদ্যক অনুষদের ক্ষেত্রে ভর্তি বিক্রমপুরে ৪৫টি ও ছাত্রীদের ৩১টি আসন খালি রয়েছে। 'ইউনিটভুক্ত সাংস্কৃতিক অনুষদে ছাত্রদের পাঁচটি আসন খালি রয়েছে। 'ইউনিটভুক্ত রসায়ন ও মানবিকী অনুষদে ছাত্রদের ১৭টি ও ছাত্রীদের ১৪টি, 'ইউনিটভুক্ত জীববিজ্ঞান অনুষদে ছাত্রদের ৩১টি ও ছাত্রীদের ১৮টি, 'ইউনিটভুক্ত বিজ্ঞানস্টাডিজ অনুষদে ছাত্রদের তিনটি ও ছাত্রীদের একটি, 'এফ' ইউনিটভুক্ত আইন অনুষদে ছাত্রদের একটি, 'জি' ইউনিটভুক্ত ইনস্টিটিউট অব বিজ্ঞানস্টাডিজ অ্যাডমিনিস্ট্রেশনে (আইবিএ-জেইউ) ছাত্রদের তিনটি ও ছাত্রীদের একটি এবং 'এইচ' ইউনিটভুক্ত ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজিতে (আইআইটি) ছাত্রদের তিনটি ও ছাত্রীদের পাঁচটি আসন খালি রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক প্রথম আলোকে বলেন, বিভিন্ন অনুষদে আসন খালি থাকার কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সভায় শূন্য আসন পূরণের লক্ষ্যে অপেক্ষমাণ জালিকা থেকে ১৩ ও ১৪ জানুয়ারি শিক্ষার্থী ভর্তির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি বলেন, প্রথম বর্ষের ক্লাস শুরু হবে ২৬ জানুয়ারি।